



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

‘জগন্নাথ বিশ্ববিদ্যালয় রঙ্গভূমি’ নাট্যদলের ‘প্রতিশোধ’ নামক পথনাট্য
পরিবেশনা



‘জগন্নাথ বিশ্ববিদ্যালয় রঙ্গভূমি’ নামক বিশ্ববিদ্যালয় কেন্দ্রিক নাট্য দলের কার্যক্রম আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে। এরই ধারাবাহিকতায় ৫ ডিসেম্বর-২০১৮, বুধবার, বেলা ২:৩০টায় নাট্য দলটির প্রযোজনায় ‘প্রতিশোধ’ নামক পথনাট্য ভাষা শহীদ রফিক ভবন প্রাঙ্গণে প্রদর্শিত হয়। এসময় প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান উপস্থিত ছিলেন।

এছাড়াও এসময় ‘জগন্নাথ বিশ্ববিদ্যালয় রঙ্গভূমি’ দলটির প্রধান উপদেষ্টা ও নাট্যকলা বিভাগের চেয়ারম্যান কামালউদ্দিন খান, দলটির মডারেটর ও নাট্যকলা বিভাগের প্রভাষক সঞ্জীব কুমার দে ও দলটির অন্যান্য উপদেষ্টাগণ উপস্থিত ছিলেন। ‘প্রতিশোধ’ নাটকটি নির্দেশনা প্রদান করেছেন দলটির যুগ্ম আহবায়ক সোলায়মান খান আপন এবং সহকারী নির্দেশনায় ছিলেন দলটির আহবায়ক মাসফিকুল হাসান টনি। উচ্চ মাধ্যমিক বোর্ড কর্তৃক প্রণীত ইংরেজি পাঠ্য পুস্তকের একটি নাটকের অবলম্বনে ‘প্রতিশোধ’ নামক স্বল্পদৈর্ঘ্য (২০ মিনিট) নাটকটি নির্মাণ করা হয়েছে।